

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭

**২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি**  
তারিখ : ১১/০৯/২০২২ খ্রি:

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সে শিক্ষার্থীরা যারা ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীরা পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে যারা ২০২০ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২১ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সের পরীক্ষা দিতে পারবে। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র C বা D গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদ সাপেক্ষে) অবশ্যই ন্যূন্যতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি হবে না। ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C-Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ০১টি কোর্সে ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অন্যথায় শর্ত সাপেক্ষে দেওয়া প্রমোশন বাতিল হয়ে যাবে। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে Promoted ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে Promoted শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.nubd.info/honours](http://www.nubd.info/honours)) থেকে রেজিস্ট্রেশন মন্তব্য দিয়ে সঠিক ভাবে আবেদন ফরম পূরণ করে Download করতে হবে। Download কৃত ফরমটি প্রিন্ট করে কলেজের নির্ধারিত কাউন্টারে স্বাক্ষরিত মেনে জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে দেয়া হল।

- (ক) বেতন ও ফরম পূরণের টাকা পরিশোধের তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি. থেকে ১১/১০/২০২২ খ্রি: পর্যন্ত।
- (খ) ফরম পূরণের তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি. থেকে ১১/১০/২০২২ খ্রি: পর্যন্ত।  
ফরম পূরণের পর অফিস সহকারীগণ সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষার্থীদের অনলাইনে এন্ট্রির কাজ সম্পন্ন করবেন।
- (গ) পূরণকৃত আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :
  - (i) অনার্স রেজিস্ট্রেশন কার্ড ও অনার্স ১ম বর্ষের প্রবেশপত্রের ফটোকপি ১ কপি।
  - (ii) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- (ঘ) আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে। আবেদন ফরমে যাবতীয় তথ্যাদি সঠিক ও নির্ভুল হতে হবে।
- (ঙ) পরীক্ষার ফি (জাতীয় বিশ্ববিদ্যালয়):
  - ১ তত্ত্বীয় (প্রতি পূর্ণপত্র) ২৫০/-
  - ২ তত্ত্বীয় (প্রতি অর্ধপত্র) ২০০/-
  - ৩ ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) ২৫০/-
  - ৪ ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-
  - ৫ কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) ৮৫০/-
  - ৬ কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী প্রতি কোর্সে) ১৫০/-
  - ৭ বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি-এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী ৩০০/-
  - ৮ ব্যবহারিক ফি (প্রতি পরীক্ষার্থী) ৫০/-

ব্যবহারিক পরীক্ষা ফি প্রথম দিন ১৩০/- টাকা, পরবর্তী দিন ৭৫ টাকা এবং চুড়ান্ত মৌখিক পরীক্ষা ফি ৭৫/- টাকা করে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট পরীক্ষা পরিচালনার জন্য কলেজে প্রদান করতে হবে।

ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নেই।

  
অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭।